**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 23-01-2026** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ–

১) নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯-তম জন্মজয়ন্তী আজ নানা অনুষ্ঠানে উদযাপিত হচ্ছে।

কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়ালে এই উপলক্ষে পরাক্রম দিবসের অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান নেতাজীর আদর্শ ও দেশপ্রেম নতুন প্রজন্মের কাছে প্রেরণা দায়ক বলে মন্তব্য করেন।

২) রাজ্যে এসআইআর-কে ঘিরে বাড়তে থাকা উত্তেজনার আবহে সমস্ত জেলা প্রশাসনের উদ্দেশে কড়া নির্দেশ জারি করল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

৩) হাওড়া ও অসমের কামাক্ষার মধ্যে দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের নিয়মিত যাত্রা আজ হাওড়া স্টেশন থেকে শুরু হয়েছে।

৪) ত্রিপাক্ষিক বৈঠকে সমাধান না মেলায় কর্মচারীদের ৯-টি সংগঠন ২৭-শে জানুয়ারী দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘটে সামিল হচ্ছে।

৫) আজ সরস্বতী পুজো ও বসন্ত পঞ্চমী। বাগ্ দেবীর আরাধনায় মেতে উঠেছে গোটা রাজ্য।

৬) দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব আজ শুরু হয়েছে।

oooooooooooooooooooooooo

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৯-তম জন্মজয়ন্তী আজ নানা অনুষ্ঠানে উদযাপিত হচ্ছে। আজকের দিনটি পালিত হচ্ছে পরাক্রম দিবস হিসেবে।

কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়ালে নেতাজীর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর ভিডিও বার্তায় স্বাধীনতা সংগ্রামে নেতাজীর বীরত্ব ও স্বদেশ প্রেমের কথা উল্লেখ করেন।

( বাইট – প্রধানমন্ত্রী)

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণও নেতাজীর আদর্শ ও দেশপ্রেম নতুন প্রজন্মের কাছে আজও প্রেরণাদায়ক বলে মন্তব্য করেন। দেশকে পরাধীনতার গ্লানি থেকে মুক্ত করতে নেতাজীর নিরলস সংগ্রামের কথা তাঁর বক্তব্যে তুলে ধরেন উপরাষ্ট্রপতি।

(বাইট – রাধাকৃষ্ণাণ)

রাজ্যপাল সি ভি আনন্দ বোসও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি বলেন, নেতাজীর নিঃস্বার্থ জীবন, কর্ম ও পরাক্রম সময়সীমা, যুগের বিভাজন ও আন্তর্জাতিক সীমারেখা অতিক্রম করে সকলকে অনুপ্রাণিত করে তোলে।

(বাইট – রাজ্যপাল)

ময়দানে নেতাজীর মূর্তির পাদদেশে  রাজ্যের মূল অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নেতাজী সম্পর্কে জানতে সংশ্লিষ্ট সব ফাইল প্রকাশ্যে আনার জন্য কেন্দ্রের কাছে আবেদন জানিয়েছেন।

এলগিন রোডে নেতাজীর রিসার্চ ব্যুরো তাঁর বাসভবনে দিনরাত নানা অনুষ্ঠানের আয়োজন করে।

oooooooooooooooooooo

নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে কলকাতায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাড়ি থেকে নেতাজি সুভাষচন্দ্র বসুর বসতবাড়ি পর্যন্ত পদযাত্রা করেন। এরপর তিনি নেতাজীর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। তিনি বলেন, দেশের জন্য নেতাজীর স্বপ্ন অনেকটাই অধরা রয়ে গেছে। সেই অধরা স্বপ্ন পূরণ এবং যুব সমাজকে উদ্বুদ্ধ করতে হবে।

(বাইট – শুভেন্দু)

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু, নেতাজীর জন্ম বার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

উত্তরদিনাজপুর জেলার রায়গঞ্জে কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষা ও সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর অঙ্গ হিসেবে ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অপারেশন সিন্দুর

ও স্বদেশী আন্দোলন বিষয়কে কেন্দ্র করে প্রদর্শিত হয়, পড়ুয়াদের তৈরি বিভিন্ন মডেল। শতাধিক ছাত্র-ছাত্রী এতে অংশগ্রহণ করে।

নেতাজী জন্মজয়ন্তী উপলক্ষে বাঁকুড়া জেলা জাতীয় ক্রীড়া ও শক্তি সংঘের উদ্যোগে আজ ৫ মাইল দৌড় প্রতিযোগিতার আয়োজন করা হয়। মাচানতলায় নেতাজী মূর্তির পাদদেশ থেকে এই দৌড় শুরু হয়। ৪০ জন মহিলা সহ ১২২ জন এতে অংশ নেন। পুরুষদের মধ্যে বেহালার উজ্জ্বল সরকার এবং মহিলাদের মধ্যে পুরুলিয়ার পুষ্পরানী মাহাতো প্রথম স্থান অধিকার করেন।

দক্ষিণ ২৪ পরগনার কোদালিয়ার সুভাষ গ্রামেও নেতাজীর পৈত্রিক বাসস্থান – নৃত্য, নাটক, পুতুলনাচ, ক্যুইজ সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কোদালিয়ায় নেতাজীর পৈত্রিক ভিটে নিয়ে সংস্কৃতি মন্ত্রকের অধীন পূর্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্রের পক্ষ থেকে এক তথ্য চিত্র প্রদর্শিত হয় ।

oooooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া বা এসআইআর ঘিরে বাড়তে থাকা উত্তেজনার আবহে রাজ্যের সমস্ত জেলা প্রশাসনের উদ্দেশে কড়া নির্দেশ জারি করল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। সুপ্রিম কোর্টের ১৯ জানুয়ারি ২০২৬ তারিখের নির্দেশ উল্লেখ করে শুনানি ও সংশোধনী প্রক্রিয়ায় কোনও আইনশৃঙ্খলা সমস্যা দেখা দিলে সঙ্গে সঙ্গে এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে শুনানি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখারও স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে।

রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো চিঠিতে জানানো হয়েছে, এসআইআর সংক্রান্ত শুনানি কেন্দ্র বা সংশ্লিষ্ট সরকারি দপ্তরে যদি কোনও আইনশৃঙ্খলা জনিত সমস্যা তৈরি হয়, সরকারি সম্পত্তি ভাঙচুর ঘটে অথবা এসআইআর কাজে যুক্ত আধিকারিক ও কর্মীদের হুমকি কিংবা আক্রমণের ঘটনা ঘটে, তবে অবিলম্বে স্থানীয় থানায় অভিযোগ বা এফআইআর দায়ের করতে হবে। সেই অভিযোগের কপি পাঠাতে হবে সংশ্লিষ্ট পুলিশ সুপার এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে।

চিঠিতে আরও বলা হয়েছে, যদি কোনও এলাকায় হিংসা বা সরকারি সম্পত্তি ধ্বংসের ঘটনা চলতে থাকে, তবে সেই এলাকার এসআইআর শুনানি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখতে হবে। মুখ্য নির্বাচনী আধিকারিকের অনুমোদন পেলে তবেই পুনরায় শুনানি শুরু করা যাবে।

oooooooooooooooooo

হাওড়া ও অসমের কামাক্ষার মধ্যে দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের নিয়মিত যাত্রা আজ হাওড়া স্টেশন থেকে শুরু হয়েছে। সন্ধে ৬-টা ২০ মিনিটে ৮৩০ জন যাত্রী নিয়ে ট্রেনটি কামাক্ষার উদ্দেশে রওনা দেয়। প্রথম দিনেই ১-শো শতাংশ আসন ছিল পূর্ণ।

কামাক্ষা থেকে গতকাল যে ট্রেনটি যাত্রা শুরু করে, সেটি আজ সকালে এসে পৌঁছয় হাওড়ায়।

উল্লেখ্য গত ১৭-ই জানুয়ারী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা করেন।

হাওড়া থেকে বৃহস্পতি এবং কামাক্ষা থেকে বুধবার বাদে সপ্তাহে প্রতিদিন এই ট্রেন চলাচল করবে।

ooooooooooooooooooooooooooooo

শিয়ালদহ দক্ষিণ এবং উত্তর শাখার মধ্যে সংযোগকারী পথে ইস্পাতের সেতুর গার্ডার বদলের কাজের জন্য ওই দুই শাখায় আগামীকাল রাত ১০টা থেকে রবিবার রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকবে। বালিগঞ্জ এবং কাঁকুড়গাছি স্টেশনের মধ্যে আপ ও ডাউন কর্ড লাইনের এক্স-২৫ নম্বর সেতুর গার্ডার বদলের কাজের জন্য ট্রেন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন সূত্রে জানানো হয়েছে।

ooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২৫-শে জানুয়ারি, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

ooooooooooooooooooooooo

প্রতি শনিবার ছুটি, সপ্তাহে পাঁচদিন কাজ সহ বিভিন্ন দাবিতে ব্যাঙ্ক কর্মচারীদের ৯-টি সংগঠন আগামী মঙ্গলবার ২৭-শে জানুয়ারী দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘটে সামিল হচ্ছেন। টানা দু-দিন ত্রিপাক্ষিক বৈঠকে কোন সমাধান সূত্র না মেলায় ধর্মঘটের সিদ্ধান্তে তারা অনড় বলে ৯-টি সংগঠনের যৌথ

মঞ্চ UFBU-এর পক্ষ থেকে জানানো হয়েছে। মঞ্চে রাজ্য আহ্বায়ক সুদীপ দত্ত বলেছেন, সমাধান সূত্র না মেলায় তারা ওই দিন ধর্মঘট চালিয়ে যাবেন।

উল্লেখ্য, সমাধান সূত্র বের করতে গতকালও মুখ্য লেবার কমিশনের পক্ষ থেকে নতুন দিল্লিতে ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হয়।

oooooooooooooooooo

আজ সরস্বতী পুজো ও বসন্ত পঞ্চমী।  বাগ্ দেবীর আরাধনায় মেতে উঠেছে গোটা রাজ্য। রাত থেকে পঞ্চমী তিথি লেগে যাওয়ায় ভোর থেকেই বাড়ি বাড়ি ও স্কুল-কলেজে শুরু হয় জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা । তারপর চলে পুষ্পাঞ্জলীর পালা। বাসন্তী রং-এর পোষাকে সজ্জিত কচি-কাঁচারা ভীড় জমায় শিক্ষা প্রতিষ্ঠান ও পাড়ার মন্ডপে।  অনেক জায়গায় শিশুদের হাতেখড়িরও আয়োজন করা হয়। ফল-ফুল ও পুজোর উপকরণে চড়া দাম সত্ত্বেও ঘাটতি ছিল না, আয়োজনের। এপার বাংলার অনেকের বাড়িতেই আজ গোটা সেদ্ধর আয়োজন করা হয়েছে। আজ রান্না করে আগামীকাল শীতল ষষ্ঠীতে তা খাওয়া হবে।

বিভিন্ন জেলা থেকে মহা সমারোহে সরস্বতী পুজোর উদযাপনের খবর মিলেছে।

পূর্ব বর্ধমানের কালনায় সরস্বতী পুজোর বিশেষ খ্যাতি রয়েছে। এই উপলক্ষে চারদিনের উৎসবে মেতে উঠেছেন কালনাবাসী। মন্ডপ, আলোক সোজ্জা ও প্রতিমা নির্মাণে নতুনত্বের ছোঁয়া আকৃষ্ট করছে দর্শকদের । সন্ধে থেকে ভীড়ে জমজমাট কালনা কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে সবরকমের ব্যবস্থা করা হয়েছে।

নদীয়ার শান্তিপুরে সর্বনন্দী পাড়ায় কানাইবঙ্গ স্মৃতি প্রাথমিক বিদ্যালয়ে গতকাল সরস্বতী মায়ের মৃন্ময়ী মূর্তির আবরণ উন্মোচন করা হয়।

জেলা কৃষ্ণনগরে কেন্দ্রীয় বিদ্যালয়ে এই উপলক্ষে আজ এক ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। স্থানীয় অন্য বিদ্যালয়ের পড়ুয়ারাও এতে অংশগ্রহণ করে। অপারেশন সিন্দুর বিষয়ে এই ক্যুইজ প্রতিযোগিতাকে ঘিরে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা যায়।

এদিকে, বর্ধমানে ১৭ নম্বর ওয়ার্ডে খাজা আনোয়ারবেড় প্রাথমিক বিদ্যালয়ে এবছর সরস্বতী পুজো না হওয়ায় ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। বিদ্যালয়ের গেটে সকাল থেকে তালা ঝুলতে দেখে ক্ষুব্ধ এলাকাবাসী। নিজেরা উদ্যোগী হয়ে সরস্বতীর মূর্তি এনে পুজোর আয়োজন করেন।

পাশাপাশি নেতাজীর প্রতিকৃতীতে মাল্যদান করে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এই ঘটনা জানাজানি হতেই এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। পুরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার জানিয়েছেন, কেন এমন হল – তা তদন্ত করে দেখা হচ্ছে।

অন্যদিকে কোচবিহার দিনহাটা কলেজেও সরস্বতী পুজোকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়। দু-দল ছাত্রের মধ্যে গন্ডগোল সামলাতে মোতায়েন করা হয় পুলিশ। পুজো মন্ডপও ফাঁকা করে দেওয়া হয়।

oooooooooooooooooo

সরস্বতী পূজা ও নেতাজির জন্মদিনের আবহে শুরু হলো দ্বাদশ কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব। চলবে আগামী ২৯ তারিখ পর্যন্ত।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

ooooooooooooooooooo

ooooooooooooooooooo